সমকাল

তারিখ ··31· MAR··2015·····
পৃষ্ঠা ····2··· কলাম····6·······

# মাদ্রাসার বিরুদ্ধে জঙ্গিবাদের ঢালাও অভিযোগ ঠিক নয়

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

মাদ্রাসা মানেই জঙ্গিবাদ নয়। সব মাদ্রাসাতেই জঙ্গি কর্মকাণ্ড হয়, এমন ঢালাও অভিযোগ করাও ঠিক হবে না। গতকাল সোমবার সংসদে প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন। সরকারি দলের সদস্য সেলিনা বেগমের সম্পূরক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, সরকার কওমি মাদ্রাসার শিক্ষা সনদের স্বীকৃতি দিতে প্রস্তুত। নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রতিটি দাখিল মাদ্রাসায় বিজ্ঞান ও কম্পিউটার শিক্ষা এবং আলিম মাদ্রাসায় বিজ্ঞান বিষয় খোলা হচ্ছে।